



কোরবানির গবাদিপশু পালনকারী, ক্রেতা ও বিক্রেতাগণের করণীয় সম্পর্কে গণবিজ্ঞপ্তি



পশু পালনকারীর জন্য করণীয় :

- ❖ পশুকে পরিষ্কার, উঁচু, শুকনো ও আলো-বাতাসপূর্ণ জায়গায় রাখুন।
- ❖ নিরাপদ পানি ও খাবার প্রদান করুন।
- ❖ স্বাস্থ্যসম্মত ও নিরাপদ উপায়ে পশু পালন করুন।
- ❖ রোগাক্রান্ত পশু ক্রয়-বিক্রয় থেকে বিরত থাকুন।
- ❖ চিকিৎসকের পরামর্শ ব্যতীত স্টেরয়েড, হরমোন, এন্টিবায়োটিক ইত্যাদি ঔষধ ব্যবহার ও বিক্রয় দণ্ডনীয় অপরাধ।
- ❖ প্রাণীর চিকিৎসায় এন্টিবায়োটিক ব্যবহার করা হলে 'প্রত্যাহারকাল' শেষ হওয়া পর্যন্ত পশু বিক্রয় থেকে বিরত থাকুন।

পশু বিক্রেতার জন্য করণীয় :

- ❖ সরকার কর্তৃক নির্ধারিত স্থানে পশু বিক্রয় করুন।
- ❖ পরিবহনের সময় পশুর সাথে মানবিক আচরণ করুন।
- ❖ বিক্রয়ের জন্য পশু সম্পর্কে মিথ্যা তথ্য প্রদান হতে বিরত থাকুন।
- ❖ হাটে/বাজারে পশু অসুস্থ হলে নিকটস্থ প্রাণী চিকিৎসকের সহায়তা নিন।

পশু ক্রেতার জন্য করণীয় :

- ❖ কোরবানির জন্য সুস্থ-সবল পশু ক্রয় করুন। সুস্থ পশু বাহ্যিকভাবে চেনার উপায়: সতেজ, স্বাভাবিক ভঙ্গি, জাবর কাটা, নাকের নিচে লোমবিহীন অংশে (মাজল) ভেজা ভাব ও উজ্জ্বল চেহারা।
- ❖ অসুস্থ পশু ক্রয় থেকে বিরত থাকুন। অসুস্থ পশুর আচরণ ও বাহ্যিক লক্ষণসমূহ:
 - পিঠ উপরের দিকে বাঁকা করে দাঁড়িয়ে থাকা, ভাঙাস্বরে বেশি বেশি ডাকাডাকি করা, অতিরিক্ত পরিমাণে লাফানো, পানি খেতে অনীহা বা ভয় পাওয়া।
 - অতিরিক্ত হাড্ডিসার পশু।
 - পশুর চামড়ায় উষ্ণ লোম, ক্ষত ও চর্মরোগের উপস্থিতি।
 - মুখ থেকে অনবরত লালা ঝরা, মুখে ও পায়ে ক্ষত, তীব্র ডায়রিয়া এবং রক্তযুক্ত গোবর।
 - পায়ুপথে পুঁজ, ওলান/অডকোষ অস্বাভাবিক ফোলা থাকা।
 - শ্বাসকষ্ট, নাকে সর্দি ভাব ও রক্ত মিশ্রিত গাঁজলা (ঘন ফেনা)।
 - নিশ্বেজ ভাব, ঘন ঘন শ্বাস-প্রশ্বাস, মুখমণ্ডল, চোয়াল ও শরীরে কোন অংশের অস্বাভাবিক ফোলা (যেখানে আঙুল দিয়ে চাপ দিলে ঐ স্থানের মাংস দেবে যায় এবং আগের অবস্থায় ফিরে আসতে অনেক সময় লাগে)।
 - পশুর কানের গোড়ায় হাত দিয়ে স্পর্শ করলে জ্বরের মতো অস্বাভাবিক গরম অনুভূত হওয়া।
- ❖ কোরবানির জন্য প্রাপ্তবয়স্ক পশু ক্রয় করুন যেমন-কমপক্ষে ২ বছর বয়সের গরু এবং কমপক্ষে ১ বছর বয়সের ছাগল/ভেড়া ক্রয় করুন।
- ❖ কোরবানির জন্য গর্ভবতী পশু ক্রয় থেকে বিরত থাকুন।
- ❖ প্রয়োজনে নিকটস্থ প্রাণী চিকিৎসকের সহায়তা নিন।
- ❖ কোভিড-১৯ প্রতিরোধে সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে চলুন।



বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
Bangladesh Food Safety Authority

— জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য —

খাদ্য মন্ত্রণালয়

<http://bfsa.gov.bd>